MAR. 26 2001

তারিখ ... ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

# নবনিযুক্ত প্রক্টর নিয়োগ বাতিলের দাবিতে চবি ভিসি অফিস ঘেরাও

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

নতুন প্রক্টর নিয়োগ নিয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস উত্তপ্ত হয়ে উঠেছে। ছাত্রলীগ এ নিয়োগ বাতিলের দাবিতে রোববার নিষেধাজ্ঞা সত্ত্বেও ক্যাম্পাসে মিছিল সমাবেশ ও ভিসি অফিস ঘেরাও করে।

গত ২২ মার্চ বৃহস্পতিবার উপাচার্যের সঙ্গে দ্বন্দ্বের জের হিসাবে ড. গাজী সালেহ উদ্দিন প্রক্টর পদে ইস্তফা দেন। শনিবার উপাচার্য প্রফেসর মোহাম্মদ ফজলী হোসেন ইসলামের ইতিহাস বিভাগের সভাপতি ড. তৌহিদ হোসেন চৌধুরীকে প্রক্টর হিসাবে নিয়োগ দেন। এ সময় ছাত্রশিবির ক্যাম্পাসে মিষ্টি বিতরণ করে।

সমাবেশে ছাত্রলীগ অভিযোগ করে, নবনিযুক্ত প্রক্টর একসময়ের জামায়াতপন্থী সাদা প্যানেলের সক্রিয় সদস্য। সাদা প্যানেলের হয়ে বিভিন্ন নির্বাচনও করেন তিনি। পরে গোলাপী প্যানেলে এসে নানাভাবে গ্রুপের ক্ষতি করেছেন। সর্বশেষ অনুষ্ঠিত সিনেট নির্বাচনে স্বাধীনতাপন্থী প্যানেলের বিরুদ্ধে তিনি নির্বাচন করেন।

তবে ছাত্রলীগের সহ-সভাপতি আলী মুর্তজা চৌধুরী ও নাজিমুদ্দিন শিমুল বলেছেন, যারা মিছিল করেছে তারা মূল কমিটিতে নেই। আমরা প্রক্টর পদে নতুন নিয়োগকে পর্যবেক্ষণ করছি। তবে শিবিরের সঙ্গে আঁতাতের চেষ্টা হলে আন্দোলন শুরু হবে প্রশাসনের বিরুদ্ধে।

নবনিযুক্ত প্রক্টর ড. তৌহিদ হোসেন চৌধুরী এ ব্যাপারে কোন মন্তব্য করেননি।